মেহেরপুর প্রেস ক্লাবের নির্বাচন স্থগিত

তফসিলে নির্ধারিত দিনে কোন প্রার্থী মনোনয়ন পত্র সংগ্রহ না করায় মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন স্থগিত করা হয়েছে।গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনারসহ নির্বাচন কমিশন এ নির্বাচন স্থগিত করে।

স্থগিতাদেশে বলা হয়েছে, মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল অনুযায়ী নির্ধারিত দিন মনোনয়ন পত্র বিক্রয় না হওয়ায় তফসিলের অন্যান্য কার্যক্রম স্থগিত করা হয়েছে।

উল্লেখ্য, আগামী ১০ মে মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনে ভোট গ্রহণের দিন ধার্য ছিলো। তফসিল অনুযায়ি ২৫ এপ্রিল খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়। চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয় ২৭ এপ্রিল। গতকাল ২৮ এপ্রিল ছিলো মনোনয়নপত্র বিক্রয়।

আজ ২৯ এপ্রিল ছিলো মনোনয়ন পত্র দাখিলের দিন। ২ মে ছিলো খসড়া প্রার্থী তালিকা ও ৫ মে ছিলো চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ।

এদিকে, এনপিবি নিউজ ও বাংলা ট্রিবিউনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করণের সদস্য পদ ফিরিয়ে না দেওয়ায় প্রধান নির্বাচন কমিশনারকে আইনগত নোটিশ পাঠিয়েছেন তিনি।
আবু আক্তার করণের আইনজীবী সেলিম রেজা কল্লোল প্রধান নির্বাচন কমিশনারকে ৩দিনের মধ্যে সদস্যপদ পুন:বহাল করার জন্য বলা হয়েছে। অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আইনগত নোটিশে জানানো হয়েছে।

মেহেরপুরে দুই সাংবাদিকের উপর হামলা, জেলা প্রেস ক্লাবের ৭দিনের আল্টিমেটাম

মেহেরপুরের আমঝুপিতে চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান ও জবাবদিহির জেলা প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেলের উপর হামলা ঘটনায় ৭দিনের আল্টিমেটাম কর্মসূচি ঘোষণা করেছে জেলা প্রেস ক্লাব।

আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাব মিলনায়তনে সংগঠনের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে এক জরুরি সভা শেষে এ ঘোষণা করেন সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

অন্যদের মধ্যে বক্তব্য দেন সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিন, সহসভাপতি আবু নাসের চৌধুরী সম্রাট, কোষাধাক্ষ দিলরুবা খাতুন, ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, আমাদের অর্থনীতি প্রতিনিধি মাসুদ রানা, লাখোকষ্ঠ প্রতিনিধি রফিকুল ইসলাম বকুল, কালবেলা প্রতিনিধি খান মাহমুদ আল রাফি, এশিয়ান টিভি প্রতিনিধি মাসুদ রানা, আহত সাংবাদিক সিরাজুদ্দোজা পাভেল, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, কামরুল ইসলাম, তোফায়েল আহমেদ, শহিদুল ইসলাম, সোমেল রানা, ওবায়দুল্লাহ প্রমুখ।

সভা শেষে সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু কর্মসূচির ঘোষণা দেন। তিনি বলেন, দুই সাংবাদিকের উপর হামলার ঘটনায় একটি মামলা হয়েছে। মামলার দুইজন আসামিকে পুলিশ আটক করেছে এজন্য পুলিশকে সাধুবাদ জানাই। একই সঙ্গে বাকি আসামিদের এক সপ্তাহের মধ্যে আটক করার দাবি জানান। এর মধ্যে যদি ওই সকল আসামি আটক না হয় তাহলে জেলা প্রেস ক্লাব বিভিন্ন কর্মসূচি হাতে নেবে। সারা বাংলাদেশের সাংবাদিকদের দিয়ে সারা দেশে এ আন্দোলন ছড়িয়ে দেওয়া হবে।

হরিণাকুণ্ডু প্রেসক্লাবের বার্ষিক কমিটি গঠন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু প্রেসক্লাবের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। পূর্বের কমিটির সহ সভাপতি মুস্তাফিজুর রহমান এল বি লিটনের সভাপতিত্বে রবিবার বিকালে প্রেসক্লাব কার্যালয়ে সর্বসন্মতিক্রমে মেয়াদ উত্তীর্ণ পূর্বের কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি গঠন করা হয়েছে।

সভায় সকল সদস্যের সম্মতিক্রমে দৈনিক নবচিত্র, প্রতিদিনের কথা ও ডেইলি ইন্ডাস্ট্রিজ পত্রিকার উপজেলা প্রতিনিধি এবং সাবেক সাধারণ সম্পাদক এইচ মাহবুব মিলু কে সভাপতি এবং দৈনিক গ্রামের কন্ঠ পত্রিকার উপজেলা প্রতিনিধি সুদিপ্ত সালাম কে সাধারণ সম্পাদক করে ৩৩ সদস্য বিশিষ্ট বার্ষীক কমিটি গঠন করা হয়েছে।

এ সময় সিনিয়র সহ সভাপতিঃ মুস্তাফিজুর রহমান এল বি লিটন,সহ-সভাপতিঃ আনিচুর রহমান লিটন,ডাঃ আবুল কালাম আজাদ,বিপ্লব হোসেন। যুগ্ম-সাধারণ সম্পাদকঃ রাব্বুল হোসাইন(দেশের কন্ঠ), হাবিবুর রহমান রুবেল, (দৈনিক আমার সংবাদ), মাওলানা তৈয়বুর রহমান(দৈনিক পশ্চিমাঞ্চল), ডাঃ মোঃআশরাফুল ইসলাম(মেহেরপুরপ্রতিদিন),সাংগঠনিক সম্পাদকঃ জাভেদ হাসান আক্তার(সময়ের সমীকরণ), সহ-সাংগঠনিক সম্পাদকঃ আশরাফুল আলম(সকালের সময়), দপ্তর সম্পাদকঃ সোহরাব হোসেন(বাংলাদেশের আলো), প্রচার সম্পাদক রাজন, অর্থ সম্পাদক আব্বাস উদ্দীন,ধর্ম বিষয়ক সম্পাদক শরিফ আহম্মেদ চাঁদ, সাহিত্য ও ক্রিড়া বিষয়ক সম্পাদক ইকতিয়ার উদ্দীন(দৈনিক শ্যামবাজার), আই সি টি বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান টুটুল।কার্য নির্বাহী সদস্য শাহাদত মাষ্টার, আরিফুর রহমান, সবুজ সাহরিয়ার,এবং মামুনুর রশিদ,আল মামুন হাসান,আশিকুজ্জামান,কামরুল হাসান লিবনকে সদস্য করা হয়েছে।

জীবননগরের হাসাদাহ প্রেসক্লাবের নতুন কমিটি গঠন

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের নতুন কমিটি গঠন করা হয়েছে।

গতকাল শনিবার হাসাদাহ-মহেশপুর সড়কে অবস্থিত প্রেসক্লাবে সবার সম্মতিতে৯ সদস্য বিশিষ্ট এ কমিটি গঠন করা হয়। কমিটিতে সভাপতি ডিএম মতিয়ার রহমান সাধারণ সম্পাদক বদরুজ্জামান শ্যামল।

এছাড়াও সহ-সভাপতি শামসুল আলম, সহ-সাধারণ সম্পাদক বিপলু রহমান, সাংগঠনিক সম্পাদক মুন্সী কবির হোসেন,দপ্তর সম্পাদক আল আমিন, প্রচার সম্পাদক লিমন হুসাইন, নির্বাহী সদস্য মনিরুজ্জামান রিপন, রাশেদুল ইসলাম, রফিকুল ইসলাম, মুসলিমা প্রধান সুমী, আজিজুর রহমান, আব্বাছউদ্দীন,এম আই আতিয়ার, তাহসানুর রহমান শাজাহান, মসলেমউদ্দীন, শামীম আহম্মেদ, শাহাবদ্দীন খান, আব্দুস সবুর, নওয়াজ শরীফ পিয়াস, ইসরাইল হুসাইন, আলাউদ্দীন, রায়হানউদ্দীন খোকন, এস এম মুস্তাফিজুর রহমান মোস্তাক। এ নতুন কমিটি ২ বছরের জন্য অনুমোদন করা হয়।

জীবননগরের হাসাদাহ প্রেসক্লাবে সাধারণ সভা অনুষ্ঠিত

জীবননগরের উপজেলার হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে হাসাদাহ প্রেসক্লাবের সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক

মনিরুজ্জামান রিপন, সহ-সভাপতি শামসুল আলম।

এছাড়াও উপস্থিত ছিলেন সাংবাদিক আল আমিন, মুন্সী কবির হোসেন, বদরুজ্জামান শ্যামল, কবির আহম্মেদ,মসলেম উদ্দীন, তাহসানুর রহমান, এস এম মোস্তফিজুর রহমান, রাহেন উদ্দীন খোকন, শামীম আহম্মেদ, আব্বাছ উদ্দীন, এম আই আতিয়ার রহমান, বিপলু রহমান, পিয়াস, আজিজুর রহমান, রফিকুল ইসলাম রফিক,রাশেদুল ইসলাম ।

আলোচনা সভায় আগামী শুক্রবার আলোচনার মাধমে আগামি ২ বছরের মিয়াদের নির্বাচনের দিন ঠিক করে নতুন কমিটি করা হবে ।

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিটের শপথ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা প্রেসক্লাব এবং বাংলাদেশ সাংবাদিক সমিতি- বাসাস জেলা ইউনিটের শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাকক্ষে এ শপথ ও অভিষেক অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান সেখ সামসুল আবেদীন খোকন, জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা. শামীম কবীর, বাসাস জেলা ইউনিটের সভাপতি আজাদ মালিতা এবং প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন।

প্রেসক্লাব সদস্য জামান আখতার ও খাইরুল ইসলামের প্রাণবন্ত সঞ্চালনায় অনুষ্ঠানে শুরুতে কোরআন থেকে তেলওয়াত করেন বাসাস জেলা ইউনিটের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ। প্রেসক্লাবের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক অ্যাডভোকেট সোহরাব হোসেন প্রথমে

চুয়াডাঙ্গা প্রেসক্লাব পরে বাসাস জেলা ইউনিটের নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদকে শপথ পাঠ করান। এরপর বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষে নবনির্বাচিতদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

আলোচনা পর্বে প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান স্বাগত বক্তব্য উপস্থাপন করেন। পরে জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও প্রেসক্লাবের সাবেক সদস্য দেশের স্বনামধন্য বিক্রয় প্রশিক্ষক রাজীব আহম্মেদ শুভেচ্ছা বক্তব্য দেন।

অনুষ্ঠানের অতিথিবৃন্দ বক্তৃতাকালে বলেন, চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাসাস জেলা ইউনিট চুয়াডাঙ্গা জেলার দুটি ঐতিহ্যবাহী সংগঠন। এ সংগঠন দুটি বরাবরই জেলার উন্নয়নে এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছেন। আগামীতেও চুয়াডাঙ্গার সাংবাদিকরা এ ধারা অব্যাহত রাখবে বলে অতিথিরা প্রত্যাশা ব্যক্ত করেন।

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির নির্বাচন সম্পন্ন

চুয়াডাঙ্গা প্রেসক্লাব ও বাংলাদেশ সাংবাদিক সমিতি চুয়াডাঙ্গা জেলা শাখার দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। রবিবার সকাল সাড়ে ৮টা থেকে বেলা ১২টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

নির্বাচনে প্রেসক্লাবের সহ-সভাপতি পদে কামাল উদ্দিন জোয়ার্দ্দার (ইনকিলাব) ও সহ-সাধারণ সম্পাদক পদে ইসলাম রকিব (আমার সংবাদ) নির্বাচিত হন।

নির্বাচনে প্রেসক্লাবের সভাপতি পদে সরদার আল আমিন (বাংলা ভিশন) ও সাধারণ সম্পাদক পদে রাজীব হাসান কচি (চ্যানেল আই)সহ ১০টি পদের প্রার্থীরা বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন।

অন্যদিকে সাংবাদিক সমিতির সভাপতি পদে আজাদ মালিতা (ইত্তেফাক) ও

সাধারণ সম্পাদক পদে বিপুল আশরাফ (এসএ টিভি)সহ সকল পদের প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন। এছাড়া প্রেসক্লাবের অর্থ সম্পাদক পদে কোনো প্রার্থী না থাকায় এ পদে কেউ নির্বাচিত হয়নি।

চুয়াডাঙ্গা প্রেসক্লাব সূত্রে জানা যায়, নির্বাচনে সহ-সভাপতি, সহ-সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদক বাদে বাকী পদে একজন করে মনোনয়নপত্র উত্তোলন করায় তারা বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন। সহ-সভাপতি ও সহ-সাধারণ সম্পাদক পদে দুজন করে মনোনয়ন উত্তোলন করেন এবং অর্থ সম্পাদক পদে কেউ মনোনয়ন উত্তোলন করেনি।

এ কারণে রবিবার সহ-সভাপতি ও সহ-সাধারণ সম্পাদক পদের নির্বাচন অনুষ্ঠিত হয়।এতে স্থানীয় আকাশ খবর পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক তানজির আহম্মেদ রনিকে (১১ ভোট) পরাজিত করে ইনকিলাবের কামাল উদ্দিন জোয়ার্দ্দার (২১ ভোট) নির্বাচিত হন। সহ-সাধারণ সম্পাদক পদে জিটিভির রিফাত রহমানকে (১৭ ভোট) পরাজিত করে আমার সংবাদের ইসলাম রকিব (২৫ ভোট) নির্বাচিত হন। অর্থ সম্পাদক পদ পূরণ না হওয়ায় নব-নির্বাচিত কমিটি পরবর্তিতে এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

সাংবাদিক সমিতি সূত্রে জানা যায়, সংগঠনের সকল পদে একজন করে মনোনয়ন উত্তোলন করেন। ফলে সকলেই বিনাপ্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি